

১০ প্রতিবন্ধী শিক্ষার্থীকে পারসোনার বৃত্তি প্রদান

নিজস্ব বার্তা পরিবেশক

ঢাকা বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন বিষয়ে অধ্যয়নরত ১০ প্রতিবন্ধী শিক্ষার্থীকে ১ বছরের জন্য শিক্ষাবৃত্তি প্রদান করেছে পারসোনা হেয়ার এন্ড বিউটি লিমিটেড। গতকাল সোমবার জাতীয় প্রেসক্রায়ে পারসোনার সিইও কানিজ আলমাস খান মনুষ্ঠানিকভাবে এক বছরের বৃত্তির মোট ৬০ হাজার টাকার চেক তুলে দেন ডেভেলপমেন্ট এনিস্ট্যান্ট ফর ব্যাকওয়ার্ড সোসাইটি (ডাবস)-এর প্রতিবন্ধী উন্নয়ন ও গবেষণা প্রকল্পের পরিচালক সুখদেব সন্ন্যাস হাতে। এরপর বৃত্তির জন্য মনোনীত ১০ জন শিক্ষার্থীকে চলতি বছরের ৩ মাসের এককালীন বৃত্তির টাকা প্রদান করা হবে ডাবস থেকে এবং প্রতি মাসে ৫০০ টাকা করে চলতি বছরের ৩১ ডিসেম্বর পর্যন্ত এই বৃত্তির টাকা প্রদান করবে ডাবস।

বৃত্তি প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন তত্ত্বাবধায়ক সরকারের সাবেক

উপদেষ্টা সিএস শফি সামি এবং বিশেষ অতিথি ছিলেন চ্যানেল এয়নের ব্যবস্থাপনা পরিচালক আলী ইমাম এবং প্রতিবন্ধী ভরকা নিআরগি'র সাবেক সহকারী পরিচালক মহুয়া পাল। অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের নৃ-বিজ্ঞান বিভাগের অধ্যাপক এইচ কে এস আরেফিন, অনুপম প্রকাশনীর স্বত্বাধিকারী মিলন কান্তি নাথ, আলবার্ট মেডা, ডাবস'র প্রকল্প পরিচালক সুখদেব সান্না ও বিজ্ঞান লেখক রুশো তাহের। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পারসোনা হেয়ার এন্ড বিউটি লি.'র সিইও কানিজ আলমাস খান। বৃষ্টিগ্রস্ত মেধাবী প্রতিবন্ধী শিক্ষার্থীরা হলেন- শিপলু হাওলাদার, দগীর হোসেন খান, মৈয়াজুদ্দীন হপন চকিদার, শেখ আবদুর রাজ্জাক, শাহনূর হক, শরিফা আহমেদ, মেরিনা বেগম, নাজিয়া হোসেন, ফেরদৌসী আক্তার ও শরিফা তরফদার লিপি। মেধা, দারিত্র্য ও প্রতিবন্ধিতার ধরন বিবেচনা করে এদের বৃত্তির জন্য মনোনীত করা হয়েছে।